দৈনিক সংবাদ

123

তারিখ 6 MAY 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ...

২৪

# সন্ত্রাসের কারণে বিশ্ববিদ্যালয় বন্ধ করা কাম্য নয়
## ——মনিরুজ্জামান মিঞা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞা দৃঢ়তার সাথে বলেছেন, সন্ত্রাসের কারণে যখন তখন বিশ্ববিদ্যালয় বন্ধ করা এবং খোলা তার কাম্য নয়।

বিশ্ববিদ্যালয় সব সময় খোলা রাখার লক্ষ্যে তিনি সংশ্লিষ্ট সকল মহলের ও সরকারের সহযোগিতা কামনা করেন।

উপাচার্য গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট মিলনায়তনে এম,বি,এ, কোর্সের নবাগত ছাত্র-ছাত্রীদের পরিচিতি অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

আলাপ আলোচনার মাধ্যমে সকল মহলকে বিশ্ববিদ্যালয়ের সকল সমস্যার সমাধানের আহ্বান জানিয়ে তিনি বলেন, উপাচার্য ভবনের প্রধান

( শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ )

## মনিরুজ্জামান মিঞা

(১ম পাতার পর)

ফটক বন্ধ রেখে পুলিশ প্রহরায় পেছনের দরজা দিয়ে উপাচার্যের দায়িত্ব পালন করতে আমি ইচ্ছুক নই। আমার দরজা সবার জন্যেই খোলা।

ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের পরিচালক ডঃ রহীম তালুকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ডঃ মোঃ শামসুল হক, সৈয়দা সোহেলী আলম এবং মিসেস মেহেরুননেছা চৌধুরী বক্তব্য রাখেন।